# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৯২৭

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. তৃতীয় অনুচ্ছেদ - সদাক্বার মর্যাদা

### আরবী

وَرَوَى الْبَيْهَقِيُّ فِي شُعَبِ الْإِيمَانِ عَنْهُ وَعَنْ أبي هُرَيْرَة وَأبي سعيد وَجَابِر وَضَعفه

### বাংলা

১৯২৭-[৪০] এ হাদীসটিকে ইমাম বায়হাক্বী ’আবদুল্লাহ ইবনু মাস্’ঊদ, আবূ হুরায়রাহ্ (রাঃ), আবূ সা’ঈদ ও জাবির (রাঃ) হতে শু’আবুল ঈমানে নকল করেছেন। তিনি এটি দুর্বল বলেও আখ্যায়িত করেছেন।[1]

### ফুটনোট

[1] য’ঈফ : শু‘আবুল ঈমান ৩৫১৪, ৩৫১৫, সিলসিলাহ্ আয্ য‘ঈফাহ্ ৬৮২৪, কারণ আবূ হুরাইরার হাদীসের সানাদে হাজ্জাজ ইবনু নুসায়র-কে ইমাম যাহাবী য‘ঈফ বলেছেন আবার কেউ কেউ মাতরূক বলেছেন। আর মুহাম্মাদ ইবনু যাকওয়ান-কে ইমাম বুখারী মুনকারুল হাদীস বলেছেন। আবূ সা‘ঈদ এর হাদীসের সানাদে رَجُلٌ একজন অপরিচিত রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘আশূরার দিন নিজ পরিবারের প্রতি প্রশস্ততার সাথে খরচ করার ব্যাপারে বর্ণিত হাদীস সম্পর্কে ‘আলিমগণ মতানৈক্য করেছেন। ইবনুল জাওযী, ইবনু তায়মিয়্যাহ্, আল ‘উকায়লী, আয্ যারকাশী (রহঃ)-এর মতে হাদীসটি বানোয়াট। তবে বায়হাক্বী (রহঃ)-এর মতে হাদীসটি বহু সূত্রে বর্ণিত হওয়ায় এটি শক্তিশালী হয়ে ‘হাসান’ হয়েছে। লেখক বলেন, আমার মতে নির্ভরযোগ্য মত হচ্ছে ইমাম বাইহাক্বীর মত। কারণ হাদীসটির বহু সূত্র একটি অপরটিকে শক্তিশালী করেছে। য‘ঈফ সানাদগুলো একত্র হয়ে শক্তি অর্জন করেছে। আল্লাহই এ ব্যাপারে অধিক জানেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56487

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন